"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অডিট শাখা
www.tmed.gov.bd

নং-৫৭.০০.০০০০.১৪২.০৬.০০৩.১৯-২৩৩

তারিখ: ১৯ অগ্রহায়ণ, ১৪২৬ ব.
০৪ ডিসেম্বর, ২০১৯ খ্রি.

বিষয়: একাদশ জাতীয় সংসদের PA Committee (সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির) এর ২১তম বৈঠকের সভায় যোগদান ও এ বিষয়ে প্রয়োজনীয় কাগজপত্র টিএমইডি-তে প্রেরণ।

সূত্র: সংসদ সচিবালয়ের স্মারক নং-১১.০০.০০০০.৭৩১.৩১.০২১.১৯.২৪১, তারিখ: ১৮.০৮.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, আগামী ১৪ পৌষ ১৪২৬ (২৯ ডিসেম্বর ২০১৯) তারিখ রোজ রবিবার সকাল-১১:০০ ঘটিকায় ঢাকার শেরেবাংলা নগরস্থ জাতীয় সংসদ ভবনের পশ্চিম ব্লকের দ্বিতীয় লেভেলে অবস্থিত কেবিনেট কক্ষে অনুষ্ঠিতব্য একাদশ জাতীয় সংসদের PA Committee (সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির) এর ২১তম বৈঠকের সভায় যোগদান ও এ বিষয়ে প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণ প্রসঙ্গে।

০২. সূত্রোক্ত স্মারকের মাধ্যমে (PA Committee হতে) জানানো হয়েছে যে, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর কর্তৃক প্রণীত শিক্ষা মন্ত্রণালয়ের ২০১০-২০১২ অর্থ বছরের হিসাব সম্পর্কিত বাংলাদেশ কম্পট্রোলার এন্ড অডিট জেনারেল এর বার্ষিক অডিট রিপোর্টে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীনস্থ প্রতিষ্ঠানের বিষয়ে অডিট আপত্তির বিষয়ে উক্ত সভায় আলোচনা হবে মর্মে জানানো হয়েছে।

০৩. সিএন্ডএজি এর বার্ষিক প্রতিবেদন অনুযায়ী শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীনস্ত শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে উথাপিত অডিট আপত্তি হলো বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠানের কর্মচারীদের প্রাপ্যতা বহির্ভূতভাবে যাতায়াত ভাতা প্রদান করায় ২৯,৯৬,৬৫০/- টাকা আর্থিক ক্ষতি।

০৪. সিএন্ডএজি এর বার্ষিক প্রতিবেদনে বর্ণিত ২৯,৯৬,৬৫০/- টাকার মধ্যে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীনস্ত শিক্ষা প্রতিষ্ঠান বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক এর অডিট আপত্তির বিস্তারিত বিবরণ নিম্ন ছক আকারে দেয়া হলো।

| ক্রমিক | প্রতিষ্ঠানের নাম | AIR অনুচ্ছেদ নং | অর্থ বছর | জড়িত টাকার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১. | বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিকস, ঢাকা। | ১০ | ২০১০-১২ | ১,২৪,০৫০/- | |

০৫. উল্লেখ্য যে, ধার্য তারিখে যথাযথ প্রতিনিধিসহ PA Committee এর সভায় সংশ্লিষ্ট কর্মকর্তাসহ উপস্থিত থাকার জন্য সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়কে নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৬. উক্ত নির্দেশনায় অডিট আপত্তি সংশ্লিষ্ট বিভিন্ন সংস্থা/প্রতিষ্ঠানের আপত্তির বিষয়ে হাল-নাগাদ ব্রডসীট জবাবের উপর কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের মন্তব্য সন্নিবেশিত করে বিএসআর এর তিন (০৩) সেট (প্রমাণকসহ) হার্ডকপি এবং ইউনিকোড Nikosh ফন্টে প্রণীত একটি সফট কপি আগামী ১২/১২/২০১৯ তারিখের মধ্যে স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরে গোপনীয়ভাবে প্রেরণ এবং প্রয়োজনীয় তথ্য নিয়ে (বৈঠকের সঙ্গে সংশ্লিষ্ট সংস্থা/প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট একান্ত অপরিহার্য কর্মকর্তাগণসহ) হাজির থাকার জন্যও নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৭. এক্ষণে নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ প্রয়োজন-

ক. আপত্তি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান এবং আপত্তির সমর্থনে প্রমাণকসহ ধার্য তারিখ ও সময়ে বৈঠকে উপস্থিত থাকার জন্য ডিজি, ডিটিই কে নির্দেশক্রমে অনুরোধ করা।

খ. সচিব মহোদয়ের নেতৃত্বে অতি:সচিব (অডিট ও আইন), ডিজি, ডিটিই, উপসচিব (অডিট ও আইন) এবং অধ্যক্ষ, বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিকস এর উক্ত সভায় অংশগ্রহন নিশ্চিত করা।

ঘ. পিএ কমিটির নির্দেশনা মতে আগামি ২৯.১২.২০১৯ খ্রি: তারিখের পূর্বেই সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাগণের তালিকা (নাম, পদবী, মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানাসহ) পিএ কমিটিকে(কমিটি শাখা-০১) পত্র প্রেরণ।

০৮. এমতাবস্থায়, ক্রমিক ০৪ এ বর্ণিত অডিট আপত্তির ব্রডশীট জবাব আগামী ০৮.১২.২০১৯ খ্রি. তারিখের মধ্যে টিএমইডি-তে প্রেরণ এবং সেসাথে প্রয়োজনীয় কাগজপত্র এবং অধ্যক্ষ, বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক, ঢাকাসহ পিএ কমিটির সভায় নির্দিষ্ট তারিখ ও সময়ে উপস্থিত থাকার জন্য মহোদয়-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মহাপরিচালক,
কারিগরি শিক্ষা অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা।

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন : ৯৫৭৫২৭২

F:\Belal (Audit) Folder\Audit\ (A11 N+L)\OFFICE FORWARDING (Revenue+Other).doc

চলমান পাতা/০২



নং-৫৭.০০.০০০০.১৪২.০৬.০০৩.১৯-২৩৩

তারিখ: ১৯ অগ্রহায়ণ, ১৪২৬ ব.
০৪ ডিসেম্বর, ২০১৯ খ্রি.

**অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো):**

০১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০২. অতি:সচিব (অডিট ও আইন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৩. উপসচিব (অডিট ও আইন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

**ধার্য্য তারিখ ও সময়ে পিএ কমিটির সভায় যোগদানের অনুরোধসহ।**

০৪. উপ-সচিব ও কমিটি সচিব, সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটি, কমিটি শাখা-১, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা। **[পিএ কমিটির সভায় অংশগ্রহণের নিমিত্ত নির্ধারিত কর্মকর্তার অনুকূলে (সংযুক্ত পত্রের আলোকে) পাশ ইস্যুর অনুরোধসহ]**
০৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৬. অধ্যক্ষ, বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিকস, তেজগাঁও, ঢাকা।
০৭. সিস্টেম এনালিষ্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০৮. অতি:সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৯. যুগ্মসচিব (প্রশা: ও অর্থ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১০. উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১১-১২. অফিস কপি/ মাষ্টার কপি।

০৪/১২/১৯
(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)